# আজ থেকে ভারতীয় পণ্যে যুক্তরাষ্ট্রের ৫০% শুল্ক কার্যকর, মূল আঘাত রপ্তানি খাতে



সংগৃহীত ছবি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন নির্বাহী আদেশে আজ থেকে ভারতীয় পণ্যে ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক কার্যকর হলো। রাশিয়া থেকে অপরিশোধিত তেল আমদানি অব্যাহত রাখায় এই বাড়তি শুল্ক আরোপ করা হয়েছে, যা ভারতের রপ্তানি ও অর্থনীতিতে বড় ধরনের প্রভাব ফেলবে।

আজ বুধবার থেকে ভারতীয় পণ্যের ওপর কার্যকর হলো যুক্তরাষ্ট্রের নতুন শুল্কনীতি। এর ফলে মোট শুল্কের হার দাঁড়াল ৫০ শতাংশে। এর আগে ১ আগস্ট থেকে কার্যকর হওয়া ২৫ শতাংশ শুল্কের সঙ্গে নতুন করে আরও ২৫ শতাংশ যোগ হলো।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের স্বাক্ষরিত নির্বাহী আদেশের মাধ্যমে এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন শুল্ক বাস্তবায়নের নির্দেশনা জারি করেছে।

LENS ASIA

ট্রাম্প প্রশাসনের দাবি, রাশিয়া থেকে ভারত অপরিশোধিত তেল আমদানি চালিয়ে যাচ্ছে, যার ফলে মস্কো ইউক্রেন যুদ্ধ চালানোর অর্থ পাচ্ছে। সেই কারণেই ভারতীয় পণ্যে অতিরিক্ত শুল্ক আরোপের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

খবরে বলা হয়েছে, ভারতের প্রায় ৮৭ বিলিয়ন ডলারের রপ্তানি সরাসরি এই শুল্কের আওতায় পড়বে, যা দেশটির মোট জিডিপির প্রায় ২ দশমিক ৫ শতাংশের সমান।

সূত্র: হিন্দুস্তান টাইমস, ইন্ডিয়ান এক্সপ্রেস।